Quality First...

Cardinor

H: 287 mm W: 95

Cardinor

Bisoprolol Fumarate USP

Composition :

Cardinor 2.5 Tablet: Each tablet contains Bisoprolol Fumarate USP 2.5 mg.
Cardinor 5 Tablet: Each tablet contains Bisoprolol Fumarate USP 5 mg.

Pharmacology :

Bisoprolol blocks the action of the sympathetic nervous system by blocking the ß$_1$-adrenergic receptors and reduces the heart rate and force of contraction of the heart, thus lowers blood pressure.

Indications :

- Hypertension
- Angina
- Congestive heart failure

Dosage and administration :

Hypertension: The dose of Bisoprolol must be individualized to the needs of the patients. The usual starting dose is 5 mg once daily. In some patients, 2.5 mg may be an appropriate starting dose. If the antihypertensive effect of 5 mg is inadequate, the dose may be increased to 10 mg and if necessary, to 20 mg once daily.

Angina: Initially 5 mg once daily. This dose may be increased as needed and tolerated to prevent angina pectoris. If necessary, this dose may be increased approximately every three days to 10 mg and then 20 mg once daily.

Congestive heart failure: Initially, 1.25 mg once daily (in the morning) for 1 week. If well tolerated, the dose can be increased to 2.5 mg once daily for 1 week & then 3.75 mg once daily for 1 week, then 5 mg once daily for 4 weeks, then 7.5 mg once daily for 4 weeks, then 10 mg once daily; maximum 10 mg daily.

a) Route of administration: Tablet should be taken orally.

Contra-indications :

Bisoprolol is contraindicated in patients with asthma, uncontrolled heart failure, prinzmetal's angina, marked bradycardia, hypotension, sick sinus syndrome, second or third degree AV block, cardiogenic shock, metabolic acidosis, severe peripheral arterial disease, sino-atrial block etc.

Warning & precautions :

Adjust the dose of Bisoprolol with caution in patients with renal or hepatic impairment.

Side effects :

a) Common : Fatigue, dizziness, headache, nausea, vomiting, diarrhoea, constipation or abdominal pain, cold or numb extremities of hands and feet, muscle weakness, bradycardia, peripheral vasoconstriction, bronchospasm, dyspnea.

b) Rare : Hearing problems, allergic runny nose, dry eyes from reduced tear flow, inflammation of the liver, allergy like reactions such as itching, flush, rash; hallucinations, fainting.

Use in pregnancy & lactation :

Bisoprolol should not be used during pregnancy unless clearly necessary.
It is not known whether Bisoprolol is excreted in human milk. Therefore, breast-feeding is not recommended during administration of Bisoprolol.

Use in children & adolescents :

Safety and effectiveness in pediatric patients have not been established.

Drug Interaction :

a) With medicine :

- Rifampicin accelerates metabolism of Bisoprolol
- Increased risk of bradycardia, AV block and myocardial depression when Bisoprolol is given with amiodarone
- Bisoprolol enhances hypoglycemic effect of insulin

b) With food and others : No clinically significant food-drug interactions have been reported.

Overdose :

Overdose includes bradycardia, hypotension, congestive heart failure, bronchospasm and hypoglycemia.

Storage :

Store below 30° C, keep away from light & moisture. Keep out of the reach of children.

Packing :

Cardinor 2.5 Tablet: Each box contains 3 x 10 tablets in Alu-Alu blister pack.
Cardinor 5 Tablet: Each box contains 3 x 10 tablets in Alu-Alu blister pack.

PS-IS-004/V04

Manufactured by:
LABAID
PHARMACEUTICALS LIMITED
15, Genda, Savar, Dhaka, Bangladesh

কার্ডিনর

বিসোপ্রোলল ফিউমারেট ইউএসপি

উপাদান ঃ

কার্ডিনর ২.৫ ট্যাবলেটঃ প্রতিটি ট্যাবলেটে আছে বিসোপ্রোলল ফিউমারেট ইউএসপি ২.৫ মি.গ্রা.।
কার্ডিনর ৫ ট্যাবলেটঃ প্রতিটি ট্যাবলেটে আছে বিসোপ্রোলল ফিউমারেট ইউএসপি ৫ মি.গ্রা.।

ফার্মাকোলজী ঃ

বিসোপ্রোলল বিটা ১-এড্রেনার্জিক রিসেপ্টরকে বাঁধা প্রদানের মাধ্যমে সিমপ্যাথেটিক স্নায়ুতন্ত্রের কার্যে বাঁধা দেয় এবং হৃদস্পন্দন ও হৃৎপিন্ডের সংকোচন কমানোর মাধ্যমে রক্তচাপ কমায়।

নির্দেশনা ঃ

- উচ্চ রক্তচাপ
- অ্যানজিনা
- কনজেস্টিভ হার্ট ফেইলিওর

মাত্রা ও সেবন বিধি ঃ

উচ্চ রক্তচাপ ঃ রোগীর প্রয়োজনীয়তার উপর ভিত্তি করে বিসোপ্রোললের মাত্রা নির্দিষ্ট হয়। প্রচলিত প্রাথমিক মাত্রা ৫ মি.গ্রা. করে দিনে একবার। কিছু রোগীর ক্ষেত্রে প্রাথমিক মাত্রা ২.৫ মি.গ্রা.-ই যথেষ্ট। যদি উচ্চ রক্তচাপ প্রতিরোধে ৫ মি.গ্রা. যথেষ্ট না হয় তাহলে মাত্রা ১০ মি.গ্রা.-এ বাড়ানো যেতে পারে এবং প্রয়োজনে পরবর্তীতে দৈনিক মাত্রা ২০ মি.গ্রা. দেয়া যেতে পারে।

অ্যানজিনা ঃ প্রাথমিকভাবে ৫ মি.গ্রা. করে দিনে একবার। প্রয়োজনীয়তা ও সহনীয়তার উপর ভিত্তি করে অ্যানজিনা পেকটোরিসে মাত্রা বাড়ানো যেতে পারে। প্রয়োজনে প্রতি ৩ দিনে দৈনিক মাত্রা ১০ মি.গ্রা., তারপর ২০ মি.গ্রা. বাড়ানো যেতে পারে।

কনজেস্টিভ হার্ট ফেইলিওর ঃ প্রাথমিকভাবে ১.২৫ মি.গ্রা. করে দিনে একবার (সকালে) ১ সপ্তাহ পর্যন্ত, যদি সুসহনীয় হয় তাহলে ২.৫ মি.গ্রা. করে দিনে একবার ১ সপ্তাহ পর্যন্ত, তারপর ৩.৭৫ মি.গ্রা. করে দিনে একবার ১ সপ্তাহ পর্যন্ত, তারপর ৫ মি.গ্রা. করে দিনে একবার ৪ সপ্তাহ পর্যন্ত, তারপর ৭.৫ মি.গ্রা. করে দিনে একবার ৪ সপ্তাহ পর্যন্ত, তারপর ১০ মি.গ্রা. করে দিনে একবার; সর্বোচ্চ মাত্রা দৈনিক ১০ মি.গ্রা.।

ক) সেবন পথ ঃ ট্যাবলেট মুখে গ্রহন করতে হবে।

প্রতিনির্দেশনা ঃ

বিসোপ্রোলল অ্যাজমা, অনিয়ন্ত্রিত হার্ট ফেইলিওর, প্রিঞ্জমেটাল অ্যানজিনা, ব্রাডিকার্ডিয়া, নিম্নরক্তচাপ, সিক্ সাইনাস সিন্ড্রোম, দ্বিতীয় অথবা তৃতীয় মাত্রার এভি ব্লক, কার্ডিওজেনিক শক্, মেটাবলিক এসিডোসিস, তীব্র পেরিফেরাল আর্টেরিয়াল ডিজিজ, সাইনো এট্রিয়াল ব্লক রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

সতর্কতা ঃ

যাদের বৃক্ক অথবা যকৃতের অকার্যকারিতা রয়েছে তাদের ক্ষেত্রে সতর্কতার সাথে বিসোপ্রোললের মাত্রা নির্ধারণ করতে হবে।

পার্শ্বপ্রতিক্রিয়া ঃ

ক) সাধারণ ঃ ক্লান্তি, মাথা ঝিমঝিম করা, মাথাব্যথা, বমি বমি ভাব, বমি, ডায়রিয়া, কোষ্ঠকাঠিন্য, পেটব্যথা, হাত ও পা অবশ হয়ে যাওয়া, পেশী দুর্বলতা, হৃদস্পন্দন কমে যাওয়া, পেরিফেরাল ভেসোকনস্ট্রিকশন, ব্রঙ্কোস্পাজম, ডিসপ্নিয়া।

খ) বিরল ঃ বিরল প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে শ্রবণ সমস্যা, নাক দিয়ে পানি পড়া, কম অশ্রু প্রবাহের কারনে শুষ্ক চোখ, যকৃতের প্রদাহ, এলার্জির মত প্রতিক্রিয়া যেমন চুলকানি, ফ্লাশ, ফুসকুড়ি; হ্যালুসিনেশন, মূর্ছা যাওয়া।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার ঃ

অতি প্রয়োজন ছাড়া গর্ভাবস্থায় বিসোপ্রোলল ব্যবহার করা উচিত নয়।
বিসোপ্রোলল মাতৃদুগ্ধে নিঃসরণের কোন তথ্য জানা নেই। তাই বিসোপ্রোলল ব্যবহারের সময় দুগ্ধদান থেকে বিরত থাকতে হবে।

শিশু ও বয়ঃসন্ধিকালে ব্যবহার ঃ

শিশুদের ক্ষেত্রে নিরাপত্তা ও কার্যকারিতা এখনও প্রতিষ্ঠিত হয়নি।

ওষুধ আন্তঃক্রিয়া ঃ

ক) অন্য ওষুধ এর সাথে ঃ

- রিফামপিসিন দ্বারা বিসোপ্রোললের বিপাক ত্বরান্বিত হতে পারে
- এ্যামিওডারনের সাথে বিসোপ্রোলল একত্রে দিলে ব্রাডিকার্ডিয়া, এভি ব্লক এবং মায়োকার্ডিয়াল ডিপ্রেশনের ঝুঁকি বেড়ে যেতে পারে।
- ইনসুলিনের হাইপোগ্লাইসেমিক প্রভাব বিসোপ্রোললের কারনে বেড়ে যেতে পারে

খ) খাবার ও অন্য কিছুর সাথে ঃ কোন খাবারের সাথে প্রতিক্রিয়া পাওয়া যায় নি।

মাত্রাধিক্য ঃ মাত্রাধিক্যের মধ্যে রয়েছে ব্রাডিকার্ডিয়া, নিম্নরক্তচাপ, কনজেস্টিভ হার্ট ফেইলিওর, ব্রঙ্কোস্পাজম এবং হাইপোগ্লাইসিমিয়া।

সংরক্ষণ ঃ

৩০° সে. তাপমাত্রার নিচে, আলো ও আর্দ্রতা থেকে দূরে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ ঃ

কার্ডিনর ২.৫ ট্যাবলেট ঃ প্রতি বাক্সে আছে ৩ X ১০ টি ট্যাবলেট, অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।
কার্ডিনর ৫ ট্যাবলেট ঃ প্রতি বাক্সে আছে ৩ X ১০ টি ট্যাবলেট, অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

cÖ¯'ZKviKt ল্যাবএইড
ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড
15, †MÖv, mvfvi, XvKv, evsjv‡`k

Specifications :	70 gsm offset paper 2 color print, both side Quantity :	Change:	Version 3 to 4 & Drug format
	Creative & Graphics Dept./Sohel/05/18		Creative & Graphics Dept./Sohel/01/19

Designed by (Sr.) Executive Creative & Graphics	Raised by (Sr.) Product Executive, PMD	Checked by Asst. Manager PMD	Checked by Factory Personnel	Recommended by Manager, PMD	Approved by General Manager, Marketing

LABAID
PHARMACEUTICALS LIMITED

Head Office : House 13/A, Road 35, Gulshan 2, Dhaka-1212, Bangladesh
Factory : 15, Genda Savar, Dhaka-1340
Phone : 88 02 8835981-4
Fax : 88 02 9615497
E-mail : info@labaidpharma.com
Web : www.labaidpharma.com